গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: নভেম্বর ২০২৫**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ১০ ডিসেম্বর, ২০২৫ | সময়: ১১:০০ ঘটিকা
স্থান: প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা | উপস্থিতি: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত নভেম্বর মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য প্রোগ্রাম ম্যানেজারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত মাসে অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী মাসের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারকে অন্তর্ভুক্তিমূলক করা | বন্যার আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রমকে আরও অন্তর্ভুক্তিমূলক করতে শারীরিক ও মানসিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের মোবাইল ফোনে সরাসরি বন্যার আগাম সতর্কবার্তা প্রেরণের উদ্দেশ্যে মোবাইল নম্বরসহ তাঁদের তথ্য সমাজসেবা অধিদপ্তর থেকে সংগ্রহের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য সমাজসেবা অধিদপ্তরকে আনুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে। | রিজিওনাল কোঅর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার/ উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ৩। | ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্ম ডেভেলপমেন্ট | বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট অংশীজনদের নিকট সহজে ও দ্রুত পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রকল্পের আওতায় একটি ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন তৈরীর কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। সভায় উক্ত প্ল্যাটফর্মটির বিভিন্ন ফিচারের অগ্রগতি ও বর্তমান অবস্থা উপস্থাপন করা হয়। আলোচনায় প্ল্যাটফর্মটি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করা হয়। | আগামী জানুয়ারি ২০২৬ এর মধ্যে প্ল্যাটফর্মটি প্রস্তুত করে অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট, প্রোগ্রাম ম্যানেজার ও টিম লিডার/ উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪। | লোকেশন ভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণ | ব্যক্তি পর্যায়ে লোকেশনভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণের আওতা সম্প্রসারণের লক্ষ্যে মোবাইল অপারেটর গ্রামীণফোনের সঙ্গে আয়োজিত আলোচনা সভার পরিপ্রেক্ষিতে গ্রামীণফোন কর্তৃপক্ষ একটি ট্রায়াল অ্যাকাউন্ট সরবরাহ করেছে মর্মে সভায় অবহিত করা হয়। সভায় উক্ত ট্রায়াল অ্যাকাউন্ট ব্যবহার করে প্রকল্প এলাকার নির্ধারিত কয়েকটি ইউনিয়নে ট্রায়াল টেস্ট পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | লোকেশনভিত্তিক ভয়েস মেসেজ প্রেরণের ট্রায়াল টেস্ট আগামী জানুয়ারি'২৬ এর মধ্যে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট, কমিউনিকেশন অফিসার ও প্রোগ্রাম ম্যানেজার/ উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |
| ৫। | প্রশিক্ষণ মডিউল প্রণয়ন | প্রকল্পের আওতায় তৈরি সকল টুলস/সিস্টেম ও সকল প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বাংলায় প্রশিক্ষণ মডিউল বা সহায়িকা প্রস্তুতপূর্বক এগুলোর উপর সংশ্লিষ্ট অংশীজনদের বিস্তারিত মতামত গ্রহণের লক্ষ্যে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রাপ্ত মতামতের আলোকে প্রশিক্ষণ সহায়িকাগুলোর হালনাগাদ কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। হালনাগাদ সম্পন্ন হওয়ার পর প্রুফ রিডিংয়ের মাধ্যমে এগুলো চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। | আগামী জানুয়ারি ৩১, ২০২৬ এর মধ্যে সকল প্রশিক্ষণ সহায়িকার প্রুফ রিডিং সম্পন্ন করে চূড়ান্ত করতে হবে। | কমিউনিকেশন অফিসার ও প্রোগ্রাম ম্যানেজার/ উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ৬। | প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের রিফ্রেশার প্রশিক্ষণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। রিফ্রেশার প্রশিক্ষণে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অগ্রাধিকার দিয়ে অংশগ্রহণকারীদের তালিকা প্রণয়নের বিষয়টি নিয়ে আলোকপাত করা হয়। | মাঠ-পর্যায়ের সকল প্রশিক্ষণ কার্যক্রম আগামী মার্চ ২০২৬-এর মধ্যে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | রিজিওনাল কোঅর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৭। | প্লাবন পূর্বাভাস মডেলিং টুল চূড়ান্তকরণ | প্লাবন পূর্বাভাস মডেলের ক্যালিব্রেশন, ভ্যালিডেশন ও চূড়ান্তকরণ কার্যক্রমের অংশ হিসেবে ল্যান্ড গেজ থেকে বন্যার পানির উচ্চতার ঐতিহাসিক তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ করে মডেলটি ক্যালিব্রেট করা হয়েছে এবং টুলটির উপর একটি খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এ প্রেক্ষিতে, মডেলটির আউটপুট উপস্থাপন এবং এর উপর মতামত গ্রহণের জন্য প্রকল্পের টেকনিক্যাল অ্যাডভাইজারি (TAC) কমিটির সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ডিসেম্বর ২০২৫-এর মধ্যে TAC কমিটির সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিস্ট |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮। | আঞ্চলিক পর্যায়ে প্রকল্প অগ্রগতি পর্যালোচনা কর্মশালা | জেলা পর্যায়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা, চলমান কার্যক্রম সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ ও এক্সিট প্ল্যান বিষয়ে আলোচনার জন্য সকল অংশীদারদের নিয়ে আঞ্চলিক পর্যায়ে একটি প্রকল্প অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | গাইবান্ধা-কুড়িগ্রাম অঞ্চলের জন্য ২০২৫ এর বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা জানুয়ারির একটি সুবিধাজনক তারিখে আয়োজন করার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার, রিজিওনাল কোঅর্ডিনেটর ও উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ৯। | সার্ভার ও অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয় | সার্ভারসহ অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয়ের জন্য টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ, প্রাপ্ত দরপত্র প্রস্তাবসমূহ মূল্যায়নসহ এই কার্যক্রমের সকল আয়োজন অতিদ্রুত সম্পন্ন করা আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়। | সার্ভারসহ অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয়ের জন্য সকল কার্যক্রম জানুয়ারি ২০২৬-এর মধ্যে সম্পন্ন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |
| ১০। | বিবিধ | প্রকল্পের সকল কর্মকর্তা ও কর্মচারীর চুক্তির মেয়াদ বৃদ্ধি করার পূর্বে প্রকল্প থেকে মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামীতে চুক্তি নবায়নের পূর্বে প্রকল্পের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও অ্যাডমিন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১২/২০২৫

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম)
Email: dmim@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১৭৭

তারিখ: ১৭-১২-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৫। টিম লিডার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। অফিস কপি/গার্ড ফাইল।

**(মোহাম্মদ হাফিজুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস-আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৬০৮২৯
Email: adgis@ddm.gov.bd